ই - সংবাদ

খোয়াই জেলায় ক্রীড়া প্রতিযোগিতা ঃ প্রস্তুতি সভা অনুষ্ঠিত

খোয়াই, ১২ জুলাই ।। খোয়াই জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের উদ্যোগে চলতি বছরে জেলায় বিদ্যালয় স্তরে ক্রীড়া প্রতিযোগিতা করার লক্ষ্যে গতকাল জিলা পরিষদের সভা কক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। খোয়াই জিলা পরিষদের সভাধিপতি সাইনী সরকার-এর সভাপতিত্বে আয়োজিত সভায় জিলা পরিষদের সরকারী সভাধিপতি বিদ্যুৎ ভট্টাচার্য, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন শুক্লা সেনগুপ্তা, জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি তপতী দেব, স্কুল স্পোর্টস বোর্ড এর সদস্যগণ সহ বিভিন্ন বিদ্যালয়ের শারীর শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

সভায় জেলা ক্রীড়া আধিকারিক জানান, চলতি মাসে জেলার বিভিন্ন স্থানে সুব্রত মুখার্জী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে। কর্মসূচি অনুযায়ী আগামী১৫ জুলাই পুর এলাকা এবং ব্লক ভিত্তিক, ১৭ জুলাই মহকুমা ভিত্তিক, ১৮ জুলাই খোয়াইয়ে জেলা ভিত্তিক বালক এবং ১৯ জুলাই মুঙ্গিয়াকামীতে জেলা ভিত্তিক বালিকা বিভাগে সুব্রত মুখার্জী ফুটবল টুর্নামেন্ট আয়োজিত হবে। আগামী ২৪ জুলাই ব্লক ও পুর এলাকা ভিত্তিক যোগা ও জুডু প্রতিযোগিতা, ২৬জুলাই খোয়াইতে জেলা ভিত্তিক জুডু ও ২৭ জুলাই তেলিয়ামুড়াতে জেলা ভিত্তিক যোগা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ২৯ জুলাই ব্লক ও পুর এলাকা ভিত্তিক খো-খো ও কাবাডি, ৩১ জুলাই মহকুমা ভিত্তিক ও আগামী ৩ আগষ্ট খোয়াইতে জেলা ভিত্তিক খো-খো ও কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ৪ আগষ্ট ব্লক ও পুর এলাকা ভিত্তিক ভলিবল ও হ্যান্ডবল, ৫ আগষ্ট মহকুমা ভিত্তিক এবং ৮ আগষ্ট খোয়াইতে জেলা ভিত্তিক ভলিবল ও হ্যান্ডবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগামী ১৬ আগষ্ট ১৪ বছর বালক এবং ১৭ বছর বালিকা বিভাগে মহকুমা ভিত্তিক ও ১৮ আগষ্ট মুঙ্গিয়াকামীতে জেলা ভিত্তিক ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগামী ২৪ আগষ্ট খোয়াইতে জেলা ভিত্তিক ব্যাডমিন্টন ও দাবা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আগামী ২৬ আগষ্ট তেলিয়ামুড়ায় অনুষ্ঠিত হবে জেলা ভিত্তিক হকি ও ২৭ আগষ্ট খোয়াই মহকুমাতে অনুষ্ঠিত হবে বাস্কেটবল প্রতিযোগিতা। এছাড়া, আগামী ২৬ আগষ্ট খোয়াইতে অনুষ্ঠিত হবে জেলা ভিত্তিক সাঁতার প্রতিযোগিতা ২৯ আগষ্ট ব্লক ও পুর এলাকা ভিত্তিক, ৩১ আগষ্ট মহকুমা ভিত্তিক এবং ৪ ও ৫ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে খোয়াইতে জেলা ভিত্তিক অ্যাথলেটিক্স ও ফুটবল প্রতিযোগিতা।

দেবীপুর বাজারে লোক সংস্কৃতি উৎসব

বিশালগড়, ১২ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং কমলাসাগর গ্রাম পঞ্চায়েতের যৌথ উদ্যোগে গতকাল দেবীপুর বাজারস্থিত নাট মন্দিরে অনুষ্ঠিত হয় কমলাসাগর গ্রাম পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েত প্রধান মালতী ওরাং ও উপ-প্রধান যতীন্দ্র লাল দাস, পঞ্চায়েত সদস্য বিশু লাল দাস, সদস্যা কাজল রাণী দাস, বিল্ব রাণী দেবনাথ ও আলপনা সরকার প্রমুখ। অনুষ্ঠানে এলাকার শিল্পীরা বাউল ও লোক সঙ্গীত পরিবেশন করেন।

পঞ্চায়েত উন্নয়ন তহবিলে মাতাবাড়ি ব্লকে উন্নয়ন কাজ

উদয়পুর, ১২ জুলাই ।। পঞ্চায়েত উন্নয়ন তহবিলে মাতাবাড়ি ব্লকের বিভিন্ন এ ডি সি ভিলেজে উন্নয়নমূলক কাজ রূপায়িত হয়েছে । এই প্রকল্পে পূর্ব গর্জিছড়া ভিলেজে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ৬টি কাঁচা রাস্তা সংস্কারে ব্যয় হয়েছে ১ লক্ষ ৬৭ হাজার ৭৮৫ টাকা । শ্রমদিবস সৃষ্টি হয়েছে ৯৫৫টি । ২টি বক্স কালভার্টের মাটি ফিলিং করতে ব্যয় হয়েছে ৩৩ হাজার ৯০১ টাকা । এতে শ্রমদিবস সৃষ্টি হয়েছে ২০৩টি । গুরুভক্ত পাড়াতে ১টি সোলার লাইট বসানো হয়েছে । এতে ব্যয় হয় ৫৪ হাজার টাকা । একটি মেলার মাঠ সংস্কারে ব্যয় হয় ৪৩ হাজার টাকা । এছাড়া, ৭ জন সুবিধাভোগীকে শূকর পালনে সহায়তা করা হয় । এতে ৮৪ হাজার টাকা ব্যয় হয় । খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য ব্যয় হয়েছে ১৬ হাজার ১০০ টাকা । অপরদিকে, পঞ্চায়েত উন্নয়ন তহবিলে পেরাতিয়া ভিলেজে ১ লক্ষ ৪০ হাজার ৯১৫ টাকা ব্যয় করে পানীয় জলের পাইপ লাইন এবং ১টি অঙ্গনওয়াড়ী কেন্দ্র সংস্কার করা হয় ।

গৌরনগর ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

কৈলাসহর, ১২ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং গৌরনগর পঞ্চায়েত সমিতির সহযোগিতায় গতকাল বৈদ্যনাথ মজুমদার স্মৃতি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় গৌরনগর ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব। ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি কল্পনা দেবনাথ এই উৎসবের উদ্বোধন করে বলেন, আমাদের রাজ্যে সংস্কৃতি অনেক সমৃদ্ধ । রয়েছে বৈচিত্রের মধ্যে ঐক্য । সাংস্কৃতিক পরিমন্ডল এই ঐক্যকে আরও দৃঢ় করেছে । সুস্থ সংস্কৃতি, সুস্থ মন ও জীবন গঠনে বিশেষ ভূমিকা পালন করে বলে তিনি অভিমত ব্যক্ত করেন । প্রধান অতিথির ভাষণে গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শান্তি সিনহা লোক সংস্কৃতির তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন । স্বাগত ভাষণ রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ দেব । সভাপতিত্ব করেন কাউলিকুড়া পঞ্চায়েতের প্রধান জ্যোতিষ চন্দ্র দেবনাথ । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি রণজিৎ কুমার নাথ, গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান ইনুছ মিয়াখাদিম, উক্ত পঞ্চায়েত সমিতির কৃষি স্থায়ী কমিটির সভাপতি বিপুল চন্দ্র দে, ব্লকের বি ডি ও বিনয় ভূষণ দাস প্রমুখ । অনুষ্ঠানে ব্লক এলাকার শিল্পীরা ধামাইল, বিহু, বৃন্দা নৃত্য ও লোক সঙ্গীত পরিবেশন করেন ।

জিরানীয়ায় স্বাস্থ্য শিবিরের কর্মসূচী

জিরানীয়া, ১১ জুলাই ।। জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আগামী ১৩ জুলাই থেকে মহকুমার ১২টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রে স্বাস্থ্য শিবির আয়োজিত হবে । এই কর্মসূচী অনুযায়ী ১৩ জুলাই বড়জলা বীণাপানির আনন্দমণি সাধুপাড়া, হরিজয় চৌধুরী ১নং, মজলিশপুর মধ্যরাণীর গাঁও, পূর্বনোয়াগাঁও-এর দুধপাতিল, পশ্চিম নোয়াগাঁও, রাধামোহনপুরের কিতিং কোবরাপাড়া, মধ্য জয়নগর, বিশ্রামবাড়ীর কামানমুড়া এবং পশ্চিম বড়জলার আইস্যাবাড়ী অঙ্গনওয়াড়ী কেন্দ্রে স্বাস্থ্য শিবির হবে । ১৪ জুলাই পূর্ব বড়জলার বিদ্যাসাগর কলোনী এবং পশ্চিম রাধামোহনপুরের এসরাইবাড়ী অঙ্গনওয়াড়ী কেন্দ্রে এবং ১৫ জুলাই শিবির হবে মাধববাড়ীর উত্তর কলোনী অঙ্গনওয়াড়ী কেন্দ্রে । জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র থেকে এ সংবাদ জানানো হয়েছে ।

জোলাইবাড়ী ব্লকে ত্রিপুরা আজীবিকা মিশনের অফিস ভবনের উদ্বোধন ১৩ জুলাই

শান্তিরবাজার, ১১ জুলাই ।। আগামী ১৩ জুলাই সকাল ১১ টায় জোলাইবাড়ী ব্লকে ত্রিপুরা আজীবিকা মিশনের নবনির্মিত অফিস ভবনের দ্বারোদঘাটন করা হবে । এ দিন একই সঙ্গে মেগা রক্তদান শিবির, ব্লকভিত্তিক বনমহোৎসব ও লোক সংস্কৃতি উৎসব, জোলাইবাড়ী পঞ্চায়েত সমিতি এবং বি এ সি-র গত ৩ বছরের আয় -ব্যয়ের হিসাব পেশ অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে । বিধানসভার মুখ্য সচেতক বাসুদেব মজুমদার অনুষ্ঠানে উদ্বোধক হিসাবে উপস্থিত থাকবেন । প্রধান অতিথি হিসাবে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, সম্মানিত অতিথি হিসাবে জোলাইবাড়ী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দিপালী নন্দী, ভাইস চেয়ারম্যান দয়াল চন্দ্র গুহ উপস্থিত থাকবেন । বিশেষ অতিথি হিসাবে দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা শাসক সি কে জমাতিয়া, দক্ষিণ জেলা বনাধিকারিক হর্ষ কুমার সি, ত্রিপুরা আজীবিকা মিশনের মুখ্য আধিকারিক অরূপ রতন শর্মা এবং শান্তিরবাজার মহকুমা শাসক বিশ্বশ্রী বি সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন । সভাপতিত্ব করবেন বিধায়ক যশবীর ত্রিপুরা ।

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সাধারণ সভা অনুষ্ঠিত

আগরতলা, ১১ জুলাই ।। পশ্চিম জেলায় ১০০ শতাংশ টিকাকরণ, ১০০ শতাংশ প্রাতিষ্ঠানিক প্রসব সহ কৃষি, সেচ, পানীয়জল ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ত্রিস্তরীয় জন প্রতিনিধি ও সংশ্লিষ্ট দপ্তরের মধ্যে আরো সমন্বয় সাধনের মাধ্যমে কাজ করার উপর গুরুত্ব আরোপ করেছেন বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর । আজ পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শাসকের সভাগৃহে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সাধারণ সভায় বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচীর পর্যালোচনা করে তিনি এই গুরুত্বারোপ করেন । জিলা পরিষদের সভাধিপতি দিলীপ কুমার দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পরিষদের সহকারী সভাধিপতি মনমোহিনী দেবনাথ, সদস্যগণ, জিরানীয়া, পুরাতন আগরতলা, মোহনপুর, বামুটিয়া, ডুকলী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, পশ্চিম জেলার জেলা শাসক ডা: মিলিন্দ রামটেকে, অতিরিক্ত জেলাশাসক তমাল মজুমদার, বিভিন্ন ব্লকের বি ডি ওগণ ছাড়াও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । সভায় পানীয় জল, জল সম্পদ, কৃষি, স্বাস্থ্য, উদ্যান ও ভূমি সংরক্ষণ, পূর্ত ও প্রধান মন্ত্রী গ্রাম সড়ক যোজনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় । সভায় কৃষি দপ্তরের উপ-অধিকর্তা অরুণ ভট্টাচার্য জানান, এই জেলায় গত অর্থ বছরে শ্রীপদ্ধতিতে ১১০৮ হেক্টর এলাকায় ধান চাষ করা হয়েছিল । এবছর ডুকলী ব্লকের মহেশখলা পঞ্চায়েতে এবং মোহনপুর ব্লকের নোয়াগাঁও-এ নতুন ভি এল ডব্লিও স্টোর চালু করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে । বাড়ানো হচ্ছে সব্জী চাষের এলাকা ।
উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তরের উপ-অধিকর্তা মনিময় দেবনাথ জানান, এই জেলায় বিভিন্ন ফল চাষের উদ্যোগ নেওয়া হয়েছে । জল সম্পদ দপ্তরের কার্যনির্বাহী প্রকৌশলী নিরোদ শর্মা জানান, এই জেলায় বর্তমানে ১৪৩টি উত্তোলক সেচ প্রকল্প, ৫২টি ডিপ টিউবওয়েল এবং ৩টি ডাইভারসন স্কীম রয়েছে । এছাড়া, আরো ১৫টি ডিপটিউবওয়েল বসানো হবে । সেচের আওতায় আনা হবে আরো ৪০০ হেক্টর জমি । উপাধ্যক্ষ শ্রীকর চম্পকনগরকে হাওড়া নদীর ভাঙ্গনের হাত থেকে রক্ষা করতে দপ্তরের দৃষ্টি আকর্ষণ করেন । এছাড়া পূর্ত্ত, পানীয়জল ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিকগণ নিজ নিজ দপ্তরের রূপরেখা তুলে ধরেন ।

১৩ জুলাই লালসিংমুড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্বোধন

বিশালগড়, ১১ জুলাই ।। আগামী ১৩ জুলাই লালসিংমুড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের নব নির্মিত ভবনের উদ্বোধন হবে । এদিন বিকেল ৩টায় এই স্বাস্থ্য কেন্দ্রের নতুন ভবনের উদ্বোধন করবেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী বাদল চৌধুরী ।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা, বিশেষ অতিথি হিসেবে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফখরউদ্দীন আহমেদ, এম ডি সি মায়ারাণী দেববর্মা এবং চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দিলীপ রায় উপস্থিত থাকবেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সিপাহীজলা জেলার জেলাশাসক প্রদীপ কুমার চক্রবর্তী, পূর্ত দপ্তরের মুখ্য বাস্তুকার অসিত ভৌমিক এবং পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা ডা: এন ডার্লং। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা ।

আমবাসায় মাছের পোনা বিতরণ

আমবাসা, ১১ জুলাই ।। আমবাসা ব্লক এলাকার বিভিন্ন ভিলেজ ও পঞ্চায়েতের ৩২০ জন মৎস্য চাষী চলতি অর্থ বছরে বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছ চাষের জন্য সহায়তা করা হয়েছে। সুবিধাভোগীদের মধ্যে ৩ লক্ষ ২৬ হাজার ২০টি রুই, কাতল, মৃগেল মাছের পোনা বিতরণ করা হয়েছে। এ জন্য ব্যয় হয়েছে ২৭ লক্ষ ২০ হাজার টাকা । ধলাই জেলা মৎস্য কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

গকুলনগরে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

বিশালগড়, ১১ জুলাই ।। বিশালগড় ব্লকের গকুলনগর গ্রাম পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব গতকাল গকুলনগর কমিউনিটি হলে অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েত প্রধান নাছিমা আক্তার, পঞ্চায়েত সদস্য মৃণাল সেন, বিশিষ্ট সমাজসেবী সন্তোষ সাহা প্রমুখ । উৎসবে ঐ পঞ্চায়েত এলাকার শিল্পীরা লোক সংগীত ও লোকনৃত্য পরিবেশন করেন ।

উদয়পুরে জোন ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব

উদয়পুর, ১০ জুলাই ।। উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে আজ উদয়পুর পুরপরিষদের জোন ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং উদয়পুর পুরপরিষদের যৌথ উদ্যোগে তথ্য ও সংস্কৃতি দপ্তরের কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত এই লোকসংস্কৃতি উৎসবের উদ্বোধন করেন উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন সুব্রত দেব। তিনি সংক্ষিপ্ত ভাষণে বলেন, রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুযায়ী সারা রাজ্যে লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হচ্ছে । লোক সংস্কৃতি হচ্ছে গ্রাম বাংলার গান । এই সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে হবে । অনুষ্ঠানে বক্তব্য রাখেন পুরপরিষদের কাউন্সিলার লিটন পাল, আই সি ও সুমন দাস প্রমুখ । সভাপতিত্ব করেন পুরপরিষদের কাউন্সিলার দেবাশীষ ধর চৌধুরী । অনুষ্ঠানে পুর পরিষদ এলাকার শিল্পীরা সমবেত লোকনৃত্য, লোকগান, মনসামঙ্গল, গাজন নৃত্য ও যন্ত্র সঙ্গীত পরিবেশন করেন ।

মাতাবাড়ী ব্লক এলাকায় লোক সংস্কৃতি উৎসব

উদয়পুর, ১০ জুলাই ।। মাতাবাড়ী ব্লকের খিলপাড়া গ্রাম পঞ্চায়েতে গত ৭ জুলাই লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং খিলপাড়া গ্রাম পঞ্চায়েতের ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানে ঐ এলাকার শিল্পীরা লোকসংগীত, বাউল, লোকনৃত্য ইত্যাদি পরিবেশন করেন । অনুষ্ঠানে গ্রাম পঞ্চায়েতের প্রধান মাধব দাস, সমাজসেবী নরেন্দ্র নিয়োগী সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন। এদিকে উত্তর কালাবন ভিলেজ কার্যালয়ে গত ৭ জুলাই অনুষ্ঠিত হয় লোক সংস্কৃতি উৎসব । শিল্পীরা লোক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন । উপস্থিত ছিলেন পঞ্চায়েত সদস্য সহ বিশিষ্ট জনেরা ।

তথ্য ও সংস্কৃতি মন্ত্রী সকাশে প্রেস ক্লাব অব ইন্ডিয়ার সভাপতি

উদয়পুর, ১০ জুলাই ।। নয়াদিল্লীর প্রেস ক্লাব অব ইন্ডিয়ার সভাপতি, বিশিষ্ট সাংবাদিক গৌতম লাহিড়ী আজ সকালে সচিবালয়ে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী ভানুলাল সাহার সঙ্গে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন । সাক্ষাৎকালে তথ্য ও সংস্কৃতিমন্ত্রী ভানুলাল সাহা এবং দিল্লী প্রেসক্লাব অব ইন্ডিয়ার সভাপতি গৌতম লাহিড়ীর মধ্যে রাজ্যের গণমাধ্যম নিয়ে আলোচনা হয় ।

যুবরাজনগরে কৃতী ছাত্র-ছাত্রীদের সম্বর্ধনা

ধর্মনগর, ১০ জুলাই ।। যুবরাজনগর পঞ্চায়েত সমিতি এবং ব্লকের উদ্যোগে এ বছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ ৬৪ জন ছাত্র-ছাত্রীকে সম্বর্ধনা দেওয়া হয় । সম্প্রতি স্থানীয় চিন্তা লোহার সদনে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি প্রতিমা দাস । তিনি কৃতী ছাত্র-ছাত্রীদের পড়াশোনার পাশাপাশি ভাল মানুষ হতে পরামর্শ দেন। এছাড়া, বক্তব্য রাখেন জিলা পরিষদের সহকারী সভাধিপতি স্বপন কুমার দেবনাথ, যুবরাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সমীরণ দাস ও ভাইস চেয়ারম্যান ধৃতি রাণী নাথ এবং বিদ্যালয় পরিদর্শক প্রবেন দেববর্মা । স্বাগত ভাষণ দেন ব্লকের বি ডি ও পরিতোষ বিশ্বাস ।

উল্লেখ্য, ৬৪ জন উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মধ্যে মাধ্যমিকে ৫১ জন এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১৩ জন রয়েছে । অনুষ্ঠানের অতিথিগণ কৃতী ছাত্র-ছাত্রীদের হাতে মানপত্র ও স্মারক উপহার তুলে দেন । এছাড়া, অনুষ্ঠানে তপশিলী জাতি কল্যাণ দপ্তর থেকে ৫টি বাদ্য দলকে বিভিন্ন ধরণের বাদ্যযন্ত্র এবং ৯ জনকে লন্ড্রীর সামগ্রী দেওয়া হয়। অনুষ্ঠানে শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক, ছাত্র-ছাত্রী সহ সংশ্লিষ্ট এলাকার জনগণ উপস্থিত ছিলেন ।

হাবেলী মুক্ত মঞ্চে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত

জিরানীয়া, ১০ জুলাই ।। খার্চি পূজা উপলক্ষ্যে চতুর্দশ দেবতাবাড়ির হাবেলী মুক্ত মঞ্চে সম্প্রতি বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । এই প্রতিযোগিতায় ৪টি বিভাগে চার শতাধিক শিশু অংশ নেয় । প্রতিটি বিভাগে ৫ জন করে ২০ জন শিশুকে সেরা অঙ্কনের জন্য পুরস্কৃত করা হয় । এই অনুষ্ঠানে রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর, আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সবিতা দাস ও ভাইস চেয়ারম্যান নীহার রঞ্জন শূর, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা পাঞ্চালী দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন । অনুষ্ঠানের অতিথিগণ প্রতিযোগিতায় বিজয়ী শিশু শিল্পীদের হাতে পুরস্কার তুলে দেন ।

রাধানগর পঞ্চায়েতে লোক সংস্কৃতি উৎসব

বিশালগড়, ১০ জুলাই ।। বিশালগড় ব্লকের হরিহরদোলা বাজার শেডে সম্প্রতি অনুষ্ঠিত হয় রাধানগর গ্রাম পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব । তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পঞ্চায়েত প্রধান মানিক দেবনাথ । এছাড়াও উপস্থিত ছিলেন উপ প্রধান মনোরঞ্জন দেবনাথ, পঞ্চায়েত সদস্য বীরেন্দ্র দাস, সদস্যা ননীবালা দেবনাথ, এলাকার বিশিষ্ট সমাজসেবী মহঃ খলিল মিঞা, চন্দন কুমার ঘোষ এবং দুলাল ঘোষ । অনুষ্ঠানে এলাকার শিল্পীরা লোকগীতি ও বাউল পরিবেশন করেন ।

বনাধিকার আইনে ১ লক্ষ ৮২ হাজার ৪৬০ হেঃ ভূমিবন্দোবস্ত

আগরতলা, ১০ জুলাই ।। বনাধিকার আইন - ২০০৬ অনুসারে উপজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে চলতি অর্থ বছরের মে মাস পর্যন্ত সারা রাজ্যে ১ লক্ষ ২৭ হাজার ৩৮৭টি উপজাতি এবং অনুপজাতি বনবাসী পরিবারের মধ্যে ১ লক্ষ ৮২ হাজার ৪৬০ হেক্টর ভূমিবন্দোবস্ত দেওয়া হয়েছে। উপজাতি কল্যাণ দপ্তরের অতিরিক্ত অধিকর্তা হীরালাল দেববর্মা এই তথ্য দিয়ে জানান, ঐ পরিবারগুলির আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন অর্থকরী ফসল চাষের জন্য দপ্তর থেকে ১৩ হাজার ৪১১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে । এছাড়া, ইন্দিরা আবাস যোজনায় ঘর তৈরী করে দেওয়া হয়েছে ৩০ হাজার ৩৭১টি ।